# ইংল্যান্ডের প্রাইমারী স্কুল সম্পর্কে গুরুত্বপূর্ণ যে পয়েন্টগুলো জানতে হবে

## উপস্থিতি

আইন অনুযায়ী, বাধ্যতামূলক স্কুল-শিক্ষার বয়সের (সাধারণত ৫ থেকে ১৬ বছর) সকল শিশুকে অবশ্যই উপযুক্ত ফুলটাইম শিক্ষা গ্রহণ করতে হবে। অভিভাবক হিসেবে, আপনার সন্তানদের ক্ষেত্রে এই বিষয়টি নিশ্চিত করার আইনি দায়িত্ব আপনারই। কোনো স্কুলে আপনার সন্তানের নাম নথিভুক্ত হওয়ার পর, তারা যাতে নিয়মিত স্কুলে উপস্থিত থাকে তা নিশ্চিত করার আইনি দায়ভার আপনার ওপর বর্তায়। এর অর্থ হলো, আপনার সন্তান যেন কোনোভাবেই বিনা অনুমতিতে স্কুল বা ক্লাসে অনুপস্থিত না থাকে। এমনটা না করলে আপনাকে জরিমানা করা হতে পারে।

## ইনসেট দিন

প্রতি শিক্ষাবর্ষে স্কুলগুলোতে ৫টি ইনসেট দিন থাকে। ইনসেট-এর দিনগুলোতে স্কুল বন্ধ থাকে এবং আপনার সন্তানকে স্কুলে যেতে হয় না।

ইনসেট দিনগুলো মূলত কর্মীদের প্রশিক্ষণের কাজে ব্যবহার করা হয়। আপনার সন্তানের স্কুলের ইনসেট দিনগুলো কবে নির্ধারিত হয়েছে, তা জানতে স্কুলের সাথে যোগাযোগ করুন।

## বিনামূল্যে স্কুল মধ্যাহ্নভোজ

**সকল শিশুর জন্য বিনামূল্যে স্কুল-মধ্যাহ্নভোজ:** সরকারি অর্থায়নে পরিচালিত সকল স্কুলে 'রিসিপশন' (ইয়ার আর), ইয়ার ১ এবং ইয়ার 2-এর প্রতিটি শিক্ষার্থীকে বিনামূল্যে স্কুল-মধ্যাহ্নভোজ প্রদান করা হয়।

**বয়সে বড় শিশুদের জন্য বিনামূল্যে স্কুল-মধ্যাহ্নভোজ:** আপনি যদি নির্দিষ্ট কিছু সরকারি ভাতা বা সুবিধা পেয়ে থাকেন, তবে ইয়ার ৩ থেকে ইয়ার ১১ পর্যন্ত বয়সী শিশুরাও বিনামূল্যে স্কুল-মধ্যাহ্নভোজ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

আপনি এখানে আপনার সন্তানের জন্য বিনামূল্যে স্কুল-মধ্যাহ্নভোজ পাওয়ার যোগ্যতা যাচাই করতে এবং এর জন্য অনলাইনে আবেদন করতে পারেন। এছাড়া, আপনি হালাল খাবারসহ বিশেষ খাদ্যাভ্যাস বা ডায়েটের বিকল্পের জন্যও অনুরোধ জানাতে পারেন।

## স্কুলে যাতায়াত

আপনার সন্তান বাড়ি থেকে স্কুলে যাওয়া-আসার জন্য বিনামূল্যে যাতায়াত সুবিধার যোগ্য বলে বিবেচিত হবে ***যদি—***

- তারা তাদের এলাকার জন্য নির্ধারিত নিকটতম স্কুলে (ক্যাচমেন্ট স্কুল) অথবা আপনার বাড়ির নিকটতম অবস্থিত কোনো স্কুলে পড়াশোনা করে

***এবং***

- ৮ বছর বা তার কম বয়সী শিশুদের ক্ষেত্রে বাড়ি থেকে স্কুলের দূরত্ব দুই মাইলের বেশি হয় অথবা ৮ থেকে ১৬ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে দূরত্ব তিন মাইলের বেশি হয়।

আপনার সন্তান যদি এই শর্তগুলো পূরণ করে, তবে যাতায়াত সুবিধার জন্য আপনাকে আবেদন করতে হবে।

Copyright © HCC 2026

Hampshire County Council
Ethnic Minority and Traveller Achievement Service

## বাড়ির কাজ

অধিকাংশ শিশুর জন্যই বাড়ির কাজ দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত জানতে চাইলে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন। এছাড়া, আপনার সন্তান যখন 'ইয়ার আর' এ পড়া শুরু করবে, তখন থেকেই প্রতিদিন বাড়িতে তার সাথে বই পড়ার অভ্যাস গড়ে তুলুন। আপনার সন্তান স্কুল থেকে পড়ার জন্য একটি বই এবং একটি পড়ার হিসাব রাখার খাতা নিয়ে আসবে। সন্তানের সাথে বইটি পড়ুন, ছবিগুলো নিয়ে আলোচনা করুন (আপনার নিজের ভাষায় বা ইংরেজিতে) এবং তাকে শব্দগুলো পড়তে সহায়তা করুন (মনে রাখবেন, শুরুর দিকের বইগুলোতে প্রায়শই কোনো লেখা বা শব্দ থাকে না)। সন্তানের সাথে পড়ার পর হিসাবের খাতা পূরণ করুন যাতে শিক্ষক বুঝতে পারেন যে আপনারা বাড়িতে নিয়মিত পড়াশোনা করছেন। এছাড়া, সন্তানের অনুশীলনের জন্য কিছু গুরুত্বপূর্ণ শব্দ বা 'কি-ওয়ার্ডস' ও বাড়িতে পাঠানো হতে পারে।

## 'প্যারেন্টস ইভনিং এবং স্কুল রিপোর্ট

আপনাকে 'প্যারেন্টস ইভনিং' বা অভিভাবক-শিক্ষক সাক্ষাতের অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে এবং আপনার সেখানে যাওয়াটা জরুরি। বেশিরভাগ স্কুলই সাক্ষাতের জন্য বিভিন্ন সময়সূচি বা 'টাইম স্লট' দিয়ে থাকে, যার মধ্য থেকে আপনি আপনার সুবিধামতো সময় বেছে নিতে পারেন। সন্তানের পড়াশোনা বা শেখার বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, শিক্ষকের সাথে সাক্ষাতের সময় আপনি তা জিজ্ঞাসা করতে পারেন। শিক্ষাবর্ষের শেষে আপনার সন্তানের অগ্রগতির বিষয়ে একটি প্রতিবেদন বা রিপোর্টও আপনি পাবেন বলে আশা করতে পারেন। সন্তানের অগ্রগতির হার যা-ই হোক না কেন, সে স্বয়ংক্রিয়ভাবেই পরবর্তী শ্রেণিতে উন্নীত হবে—কারণ যুক্তরাজ্যে কোনো শিক্ষার্থীকে একই শ্রেণিতে পুনরায় পড়াশোনা করতে হয় না।

## শিক্ষাবর্ষ চলাকালীন সময়ে ছুটি

সন্তানদের পড়াশোনায় যাতে ব্যাঘাত না ঘটে, সেজন্য আপনি স্কুলের ছুটির সময়েই সপরিবারে ভ্রমণে যাওয়ার পরিকল্পনা করবেন বলে আশা করা হয়। শিক্ষা-সংক্রান্ত আইন অনুযায়ী, শিক্ষাবর্ষ চলাকালীন বেড়ানোর উদ্দেশ্যে সন্তানকে স্কুল থেকে অনুপস্থিত রাখার কোনো অধিকার অভিভাবকদের **নেই**। কেবল বিশেষ পরিস্থিতিতেই স্কুলের প্রধান শিক্ষক ছুটির অনুমতি দিতে পারেন; অনুপস্থিতির কারণটি সত্যিই বিশেষ কি না এবং কত দিনের ছুটি মঞ্জুর করা হবে—সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার প্রধান শিক্ষকেরই।

## লিংকস

ইতিবাচক আচরণ পরিচালনার কৌশল এবং একাধিক ভাষায় সন্তানকে বড় করে তোলা—এই বিষয়গুলোর তথ্য বিভিন্ন ভাষায় অনূদিত আকারে পাওয়া যাচ্ছে।

তথ্য: স্কুলে উপস্থিতি ও শিক্ষাবর্ষ চলাকালীন ছুটি

তথ্য: স্কুলে যাতায়াত ব্যবস্থা

স্কুলের ছুটির তারিখসমূহ

Copyright © HCC 2026

Hampshire County Council
Ethnic Minority and Traveller Achievement Service